**Press Release**

Country Lecture Series (CLS)
on
**Bangladesh-Malaysia Relations: Moving towards Prosperity**

15 September 2024

------------------------------------------------------------------------------------------------------------------------

Bangladesh Institute of International and Strategic Studies (BIISS) organised a Country Lecture Series (CLS) titled **"Bangladesh-Malaysia Relations: Moving towards Prosperity"** on Sunday, 15 September 2024 at the BIISS auditorium. Ambassador **M Riaz Hamidullah**, Additional Foreign Secretary, Ministry of Foreign Affairs, Bangladesh graced the event as special guest. Her Excellency **Haznah Md. Hashim,** High Commissioner of Malaysia to Bangladesh delivered the keynote presentation**.** Ambassador **A F M Gousal Azam Sarker,** Chairman, BIISS chaired the session and Major General **Iftekhar Anis**, BSP, awc, afwc, psc, PEng, Director General, BIISS, delivered the welcome address. Following that, an open discussion session was held to gather insights from the audience as to how Bangladesh-Malaysia relations can be strengthened in the coming days

As a Flagship event, BIISS introduced the Country Lecture Series in 2013. The objectives of this Lecture Series have been to enhance knowledge and understanding of Bangladesh regarding the partner countries. And to study the relationship between Bangladesh and a particular development partner country to explore further scope and potential of the bilateral relationships. This is the maiden session of the BIISS Country Lecture Series 2024 after a long gap due to Covid-19. During her deliberation, Her Excellency **Haznah Md. Hashim,** High Commissioner of Malaysia to Bangladesh focused on the need to broaden Bangladesh's bilateral ties with Malaysia in the areas of trade and investment, labour migration, technological and industrial cooperation, human resource and skills development, diplomatic cooperation and cultural exchanges, etc. She also talked about the overall nature of Bangladesh-Malaysia relations and provided insightful guidelines for deepening these in the days ahead.

Senior officials from different ministries, ambassadors, high commissioners, former diplomats, senior military officials, media, researchers, businesspeople, teachers, and students from various universities, representatives from different think tanks, international organisations, participated in the CLS and enriched it by presenting their valuable opinions, comments, suggestions, and observations during the open discussion session.

<u>সংবাদ বিজ্ঞপ্তি</u>

Country Lecture Series (CLS)
on
**Bangladesh-Malaysia Relations: Moving towards Prosperity**

রবিবার, ১৫ সেপ্টেম্বর ২০২৪

---

বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) ১৫ সেপ্টেম্বর ২০২৪ তারিখ, রবিবার, বিআইআইএসএস অডিটোরিয়ামে **"Bangladesh-Malaysia Relations: Moving towards Prosperity"** শীর্ষক একটি কান্ট্রি লেকচার সিরিজ (সিএলএস) আয়োজন করে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশের অতিরিক্ত পররাষ্ট্র সচিব রাষ্ট্রদূত **এম রিয়াজ হামিদুল্লাহ।** অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশে নিযুক্ত মালয়েশিয়ার হাইকমিশনার **হাজনা মোঃ হাশিম।** সেশনে সভাপতিত্ব করেন বিআইআইএসএস এর চেয়ারম্যান রাষ্ট্রদূত **এ এফ এম গওসোল আযম সরকার** এবং স্বাগত বক্তব্য প্রদান করেন বিআইআইএসএস এর মহাপরিচালক মেজর জেনারেল **ইফতেখার আনিস,** বিএসপি, এডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি, পিইঞ্জ। আগামী দিনগুলোতে বাংলাদেশ -মালয়েশিয়ার সম্পর্ক কিভাবে আরও জোরদার করা যায় সে বিষয়ে শ্রোতাবৃন্দদের কাছ থেকে মতামত সংগ্রহের জন্য একটি মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়।

মূলত, একটি ফ্ল্যাগশিপ ইভেন্ট হিসাবে, বিআইআইএসএস ২০১৩ সাল থেকে কান্ট্রি লেকচার সিরিজ (সিএলএস) শুরু করে। এই লেকচার সিরিজের উদ্দেশ্য হল আমাদের অংশীদার দেশগুলোর বিষয়ে আমাদের জ্ঞান এবং পারস্পরিক বোঝাপড়া বৃদ্ধি করা এবং দ্বিপাক্ষিক সম্পর্কের আরও সুযোগ ও সম্ভাবনা অন্বেষণ করা। উপরোক্ত, বাংলাদেশ তার উন্নয়ন সহযোগী দেশগুলোর সাথে সম্পর্ক বৃদ্ধি করতে বদ্ধ পরিকর। কোভিড-১৯ এর কারণে দীর্ঘ বিরতির পর এটিই বিআইআইএসএস কান্ট্রি লেকচার সিরিজ (সিএলএস) ২০২৪ এর প্রথম অধিবেশন। তবে এই আলোচনায় বাংলাদেশে নিযুক্ত মালয়েশিয়ার হাইকমিশনার **হাজনা মোঃ হাশিম** বাণিজ্য ও বিনিয়োগ, শ্রম অভিবাসন, প্রযুক্তিগত ও শিল্প সহযোগিতা, মানবসম্পদ ও দক্ষতা উন্নয়ন এবং কূটনৈতিক ক্ষেত্রে মালয়েশিয়ার সাথে বাংলাদেশের দ্বিপাক্ষিক সম্পর্ক বিস্তৃত করার প্রয়োজনীয়তার উপর দৃষ্টি নিবদ্ধ করেন এবং পারস্পরিক সহযোগিতা এবং সাংস্কৃতিক বিনিময় ইত্যাদি বিষয়ে আলোচনা করেন। তিনি বাংলাদেশ-মালয়েশিয়া সম্পর্কের সার্বিক প্রকৃতির বিষয়েও কথা বলেন এবং আগামী দিনে তা আরও গভীর করার জন্য প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদান করেন।

এই আলোচনায় বিভিন্ন মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তা, রাষ্ট্রদূত, হাইকমিশনার, সাবেক কূটনীতিক, ঊর্ধ্বতন সামরিক কর্মকর্তা, গণমাধ্যম, গবেষক, ব্যবসায়ী, শিক্ষক ও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, বিভিন্ন থিঙ্ক ট্যাংক, আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিরা সিএলএস এ অংশগ্রহণ করেন এবং উন্মুক্ত আলোচনায় তাদের মূল্যবান মতামত, প্রশ্ন, পরামর্শ ও পর্যবেক্ষণ দ্বারা এই আলোচনা সমৃদ্ধ করেন।